# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ এই জাতীয় শব্দগুলো মানুষ নিজেদের মাঝে যেভাবে বুঝে সেভাবে স্রেফ উপমা ও উদাহরণ স্বরুপ ব্যবহার করা হয়েছে; বাহ্যিক অর্থ এখানে উদ্দেশ্য নয়

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذِهِ الْأَلْفَاظَ مِنْ هَذَا النَّوْعِ أُطْلِقَتْ بِأَلْفَاظِ التَّمْثِيلِ وَالتَّشْبِيهِ عَلَى حَسَبِ مَا يَتَعَارَفُهُ النَّاسُ فِيمَا بَيْنَهُمْ دُونَ الْحُكْمِ عَلَى ظَوَاهِرِهَا

আরবী

940 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ مُحَمَّدِ بْنِ يُوسُفَ بِنَسَا قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدِ بْنِ الصَّبَّاحِ قَالَ: حَدَّثَنَا عَفَّانُ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ قَالَ: أَخْبَرنَا ثَابِتٌ عَنْ أَبِي رَافِعٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (يَقُولُ اللَّهُ جَلَّ وَعَلَا لِلْعَبْدِ يَوْمَ الْقِيَامَةِ: يَا ابْنَ آدَمَ مَرِضْتُ فَلَمْ تَعُدْنِي فَيَقُولُ يَا رَبِّ كَيْفَ أَعُودُكَ وَأَنْتَ رَبُّ الْعَالَمِينَ؟ فَيَقُولُ: أَمَا عَلِمْتَ أَنَّ عَبْدِي فُلَانًا مَرِضَ فَلَمْ تَعُدْهُ أَمَا عَلِمْتَ أَنَّكَ لَوْ عُدْتَهُ لَوَجَدْتَنِي وَيَقُولُ: يَا ابْنَ آدَمَ اسْتَسْقَيْتُكَ فَلَمْ تَسْقِنِي؟ فَيَقُولُ: يَا رَبِّ كَيْفَ أَسْقِيكَ وَأَنْتَ رَبُّ الْعَالَمِينَ؟ فَيَقُولُ: أَمَا عَلِمْتَ أَنَّ عَبْدِي فُلَانًا اسْتَسْقَاكَ فَلَمْ تَسْقِهِ؟ أَمَا عَلِمْتَ أَنَّكَ لَوْ سَقَيْتَهُ لَوَجَدْتَ ذَلِكَ عِنْدِي يَا ابْنَ آدم استطعمتك فلم تطعمني فيقول: يا رب وكيف أطعمك وَأَنْتَ رَبُّ الْعَالَمِينَ؟ فَيَقُولُ: أَلَمْ تَعْلَمْ أَنَّ عَبْدِي فُلَانًا اسْتَطْعَمَكَ فَلَمْ تُطْعِمْهُ أَمَا لَوْ أنك أطعمته لوجدت ذلك عندي)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 940 | خلاصة حكم المحدث:. صحيح ـ

বাংলা

৯৪০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মহিমান্বিত আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন বান্দাকে বলবেন, “হে আদম সন্তান, আমি অসুস্থ হয়েছিলাম কিন্তু তুমি আমাকে

দেখতে আসোনি!” তখন আদম সন্তান বলবে, হে আমার প্রতিপালক, আমি কীভাবে আপনাকে দেখতে যাবো, অথচ আপনি জগৎসমূহের প্রতিপালক?” মহান আল্লাহ বলবেন: “তুমি কি জানতে না যে, আমার ওমুক বান্দা অসুস্থ হয়েছিল কিন্তু তুমি তাকে দেখতে যাওনি, তুমি কি জানতে না যে, যদি তুমি তাকে দেখতে যেতে তবে তুমি আমাকে পেতে?” তিনি বলবেন: “হে আদম সন্তান, আমি তোমার কাছে পানি চেয়েছিলাম কিন্তু তুমি আমাকে পানি পান করাওনি!” তখন আদম সন্তান বলবে, হে আমার প্রতিপালক, আমি কীভাবে আপনাকে পানি পান করাবো, অথচ আপনি জগৎসমূহের প্রতিপালক?” মহান আল্লাহ বলবেন: “তুমি কি জানতে না যে, আমার ওমুক বান্দা তোমার কাছে পানি চেয়েছিল কিন্তু তুমি তাকে পানি পান করাওনি, তুমি কি জানতে না যে, যদি তুমি তাকে পানি পান করাতে তবে তুমি তা আমার কাছে পেতে?” তিনি আরো বলবেন: “হে আদম সন্তান, আমি তোমার কাছে খাবার চেয়েছিলাম কিন্তু তুমি আমাকে খাবার দাওনি!” তখন আদম সন্তান বলবে, হে আমার প্রতিপালক, আমি কীভাবে আপনাকে খাদ্য দিবো, অথচ আপনি জগৎসমূহের প্রতিপালক?” মহান আল্লাহ বলবেন: “তুমি কি জানতে না যে, আমার ওমুক বান্দা তোমার কাছে খাবার চেয়েছিল কিন্তু তুমি তাকে খাদ্য দাওনি, তুমি কি জানতে না যে, যদি তুমি তাকে খাদ্য দিতে তবে তুমি তা আমার কাছে পেতে?”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৫৬৯; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৫১৭।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89445

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন